



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৬ জানুয়ারি ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির তিন উপজেলার নির্বাচনী ফলাফল প্রত্যাখ্যান করেছেন প্রসিত বিকাশ খীসা

দশম জাতীয় সংসদ নির্বাচনে ব্যাপক জালিয়াতি ও কারচুপির কারণে খাগড়াছড়ির জেলার মাটিরাংগা, রামগড় ও মানিকছড়ি উপজেলার নির্বাচনী ফলাফল প্রত্যাখ্যান করে আজ ৬ জানুয়ারি সোমবার সংবাদ মাধ্যমে এক বিবৃতি দিয়েছেন ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) এর সভাপতি ও খাগড়াছড়ি আসনের প্রার্থী প্রসিত বিকাশ খীসা।

বিবৃতিতে তিনি বলেন, ক্ষমতাসীন দল আওয়ামীলীগের প্রার্থী কুজেন্দ্র লাল ত্রিপুরার পক্ষে কতিপয় সেনা সদস্য মাটিরাংগা পাইলট সরকারী উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্র হতে আমার এজেন্টদের ভয়ভীতি দর্শন করে বের করে দিয়ে ভোট জালিয়াতি ও কারচুপি করেছে। আমার প্রধান নির্বাচনী এজেন্ট সর্বোত্তম চাকমা তাইন্দং উচ্চ বিদ্যালয়, ধলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় (আদর্শগ্রাম), মাটিরাংগা পাইলট সরকারী উচ্চ বিদ্যালয় সরোজমিনে পরিদর্শন করেছেন। এসময় তিনি তাইন্দং উচ্চ বিদ্যালয় কেন্দ্রে জাল ভোট প্রদান করতে দেখেছেন।

তিনি বলেন, ভোট কেন্দ্রগুলোতে প্রত্যক্ষ পর্যবেক্ষণে ভোটের উপস্থিতি কম হলেও ফলাফলে যেভাবে ভোট কাস্টিং দেখানো হয়েছে, তার সাথে উপস্থিতির বিরাট পার্থক্য রয়েছে।

তিনি বলেন, মাটিরাংগা উপজেলা বাদেও মানিকছড়ি ও রামগড় উপজেলায়ও একইভাবে ব্যাপক ভোট কারচুপি করা হয়েছে। এমতাবস্থায় আমি উক্ত তিন উপজেলার নির্বাচনী ফলাফল প্রত্যাখ্যান করছি এবং উক্ত উপজেলাসমূহে পুনরায় ভোট গ্রহণের দাবি জানাচ্ছি।

উল্লেখ্য, গতকাল ৫ জানুয়ারি রবিবার রাতে ফলাফল প্রত্যাখ্যান করে জেলা রিটার্নিং অফিসারের বরাবরে প্রসিত বিকাশ খীসা একটি লিখিত অভিযোগ দাখিল করেছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ

